



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড RURAL POWER COMPANY LIMITED

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)-এ জুনিয়র এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (কেমিক্যাল) পদে লোকবল নিয়োগের লক্ষ্যে গত ১৫ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখে দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক ইত্তেফাক ও The Daily Observer) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণ করা হবেঃ

পরীক্ষার তারিখঃ ২১/০৩/২০২১খ্রিঃ, রোজ রবিবার

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ

০২ শাহজালাল এভিনিউ, সেক্টর-০৪, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০।

উল্লেখ্য, লিখিত পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই ইন্টারভিউ কার্ড সাথে আনতে হবে এবং দায়িত্বপালনরত পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে;
- প্রার্থীকে ২টি কালো বল পয়েন্ট কলম সাথে আনতে হবে;
- মোবাইল ফোন এবং হাত ঘড়িসহ যে কোন ধরনের ইলেকট্রনিক স্টোরেজ ডিভাইস আনয়ন করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে ম্যানুয়াল/ সাধারণ ক্যালকুলেটর আনয়ন করতে পারবেন;
- প্রার্থীকে পরীক্ষা শুরুর অন্তত: ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে;
- ইন্টারভিউ কার্ডে থাকা ছবি এবং মূল আবেদন ফরমের সাথে সংযুক্ত ছবিটি একই ব্যক্তির কিনা তা যাচাই করা হবে;
- কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে অসুদপায় অবলম্বন/ অসদাচরণ প্রদর্শন করলে, তার বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ইন্টারভিউ কার্ডটি লিখিত/ মৌখিক, উভয় পরীক্ষার জন্য ব্যবহারযোগ্য;
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

উল্লেখ্য, ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ ও লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার বিষয়টি ইতোমধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক এসএমএস এর মাধ্যমে প্রার্থীদেরকে অবহিত করা হয়েছে।

সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

প্রসঙ্গত কোভিড-১৯ হতে সুরক্ষার জন্য সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

Handwritten signature
০২/০৩/২০২১

ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচআর এন্ড এডমিন)
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

Handwritten signature
০২/০৩/২০২১

জেনারেল ম্যানেজার (এইচআর এন্ড এডমিন)
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড